

বিভিন্ন দপ্তরে শিক্ষাসচিবের আকস্মিক পরিদর্শন

নিজস্ব প্রতিবেদক



আকস্মিক মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), পরিদর্শন ও নিরীক্ষা (ডিআইএ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ও বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ পরিদর্শন করেছেন শিক্ষাসচিব আবদুল খালেক। এ সময় তিনি এসব দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সঠিক সময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতের বিষয়ে খোঁজখবর নেন।

মঙ্গলবার (৭ এপ্রিল) সকালে এই পরিদর্শনের সময় তিনি বিদ্যুতের অপচয় রোধ, এসির কম ব্যবহার এবং অফিস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতেও নির্দেশ দেন।

শিক্ষা প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীদের প্রতি
অবদুল খালেক বলেন, দপ্তরের পরিবেশ সব
সময় পরিচ্ছন্ন রাখতে হবে, সময় মতো অফিসে
উপস্থিত থাকতে হবে এবং দায়িত্ব পালনে আরো
আন্তরিক হতে হবে।

মনে রাখতে হবে, আমাদের কাজের মানই
শিক্ষাব্যবস্থার মান নির্ধারণ করে।

পরবর্তীতে তিনি বেগম বদরুন্নেসা সরকারি
মহিলা কলেজের বিভিন্ন ক্লাস রুম পরিদর্শন
করেন। ক্লাসে উপস্থিত শিক্ষার্থীদের কাছে
পড়াশোনার পাশাপাশি নানা কার্যক্রম সম্পর্কে
জানতে চান।

তিনি বলেন, ‘এই আকস্মিক পরিদর্শনের মূল
উদ্দেশ্য হলো আমাদের শিক্ষাপ্রতিষ্ঠানের
সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করা।

বিশেষ করে শিক্ষার্থীদের দক্ষতা ও মানসিক
বিকাশের বিষয়টি প্রতিষ্ঠানটি পরিষ্কার-পরিচ্ছন্ন
এবং একটি সুন্দর পরিবেশ বজায় রাখা হয়েছে,
এটি সত্যিই প্রশংসনীয়।’

তবে কিছু বিষয় নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি
বলেন, শিক্ষার্থীদের মধ্যে সহপাঠ কার্যক্রম বা

অন্যান্য কারিকুলাম কার্যক্রম নিয়ে এক ধরনের
ঘাটতি লক্ষ করা গেছে। একটি শিক্ষাপ্রতিষ্ঠান
কেবল পাঠ্যবইয়ের মধ্যে সীমাবদ্ধ থাকলে
চলবে না। খেলাধুলা, সাংস্কৃতিক কার্যক্রম,
সৃজনশীল কাজ—এসবই একজন শিক্ষার্থীকে
দক্ষ, আত্মবিশ্বাসী ও পরিপূর্ণ মানুষ হিসেবে
গড়ে তোলে।

তাই এ বিষয়ে আরো গুরুত্ব দেওয়ার জন্য
সংশ্লিষ্ট সবাইকে আহ্বান জানাচ্ছি।

তিনি আরো বলেন, ‘আমি ঘোষণা দিতে চাই,
শিক্ষার্থীদের নিজেদের আরো দক্ষ ও মজবুত
করে গড়ে তুলতে প্রতি মাসে অন্তত একবার
করে আমি নিজে বা আমার প্রতিনিধি পরিদর্শনে
আসব। এতে করে আমরা নিয়মিতভাবে
অগ্রগতি পর্যবেক্ষণ করতে পারব এবং
প্রয়োজনীয় দিকনির্দেশনা দিতে পারব।’